

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০৪৯.০০২.০২.০০.৩১৭.২০১১/ - ৪৩৩

তারিখ : ০৫/০৬/১৪

বিষয় : মৌলভীবাজার পৌরসভা, কার্যালয়ের ২০১৪-২০১৬ সনের বিভিন্ন অর্থ-বছরের অডিট আপত্তির জবাব প্রেরণ প্রসংগে।

সূত্র : (ক) মৌলভীবাজার পৌরসভা স্মারক নং-৮৪৫, তারিখ-২০/০৩/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার পৌরসভা কার্যালয় হতে ২০১৪-২০১৫ অর্থ-বছরের অগ্রিম অনুচ্ছেদ ১, ২, ৪, ৫, ৬, ৭ এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুচ্ছেদ ১ এর জবাব প্রেরণ করা হয়েছে। জবাব পর্যালোচনাস্তে দেখা যায় যে, প্রত্যেকটি অনুচ্ছেদের আংশিক অর্থ সংশ্লিষ্ট তহবিলে জমা করা হলেও কোন অনুচ্ছেদের সমুদয় অর্থ সংশ্লিষ্ট তহবিলে জমা করা হয়নি। তাছাড়া একই জবাব ইতিপূর্বে স্মারক নং-১৮১৭, তারিখ-০৮/০৬/২০১৭খ্রিঃ এর মাধ্যমে প্রেরণ করা হয়েছিল।

এমতাবস্থায়, অসম্পূর্ণ জবাব প্রেরণ না করে ২০১৪-২০১৬ অর্থ বছরের আপত্তিকৃত সমুদয় অর্থ আদায়পূর্বক সংশ্লিষ্ট তহবিলে জমা করে জমার সমর্থনে যথাযথ প্রমাণকসহ ২(দুই) সেট নিম্নলিখিত জবাব নির্ধারিত "ছক"ও নির্দেশনা মোতাবেক বিশেষ বাহক মারফত স্থানীয় সরকার বিভাগে পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

আপত্তির সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪

সংযুক্ত : বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনাঃ

- শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং জবাবের সফট কপি twoaudit@gmail.com ঠিকানায় প্রেরণ করতে হবে।
- আপত্তিকৃত অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক, পৃথক ভাবে ২(দুই) সেট জবাব দাখিল করতে হবে।
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে।
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস কপি দাখিল করতে হবে।
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে।
- সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে।
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে।
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।
- একাধিক অর্থ-বছরের জবাব প্রেরণের ক্ষেত্রে অর্থ-বছর অনুযায়ী পৃথক-পৃথক ফরোয়ার্ডিং প্রেরণ করতে হবে।

মেয়র
মৌলভীবাজার পৌরসভা
মৌলভীবাজার।

(এ.কে.এম. আনিছুল্লাহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- অফিস কপি।